পরিশিষ্ট- "খ"

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ফুডকোর্ট পরিচালনা নীতিমালা

বিনোদনের মাধ্যমে বিজ্ঞান শিক্ষার উদ্দেশ্যে দেশের প্রথম নভোথিয়েটার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার ঢাকা স্থাপন করা হয়। প্রয়োজনের তাগিদে দেশের সকল অঞ্চলের শিক্ষার্থী তথা জনগণের জন্য সমান সুযোগ সৃষ্টির জন্য বিভাগীয় পর্যায়ে নভোথিয়েটারের শাখা স্থাপন কর হচ্ছে। মানসম্মত সেবা প্রদানের লক্ষ্যে নভোথিয়েটারে আগত দর্শনার্থীদের বিভিন্ন প্রদর্শনী উপভোগের পাশাপাশি হালকা নাস্তা, পানীয় এবং অন্যান্য খাবার প্রাপ্তির সুযোগ থাকা প্রয়োজন। সে লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার ঢাকায় ফুডকোর্টের ব্যবস্থা আছে এবং বিভাগীয় পর্যায়ের প্রতিটি নভোথিয়েটারে ফুডকোর্টের সংস্থান রাখা হচ্ছে। নভোথিয়েটার একটি গুরুত্বপূর্ণ সরকারি স্থাপনা। উক্ত স্থাপনায় ফুডকোর্ট পরিচালনার জন্য একটি নীতিমালা থাকা আবশ্যক। নিম্নেলিখিত পদ্ধতিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে ফুডকোর্ট পরিচালিত হবে।

**১। ফুডকোর্ট পরিচালনার জন্য প্রতিষ্ঠান নির্বাচন:**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ফুডকোর্ট আউট সোর্সিং পদ্ধতিতে পরিচালিত হবে। ফুডকোর্ট পরিচালনার জন্য উন্মুক্ত দরপত্রের মাধ্যমে লিজ গ্রহীতা প্রতিষ্ঠান নির্বাচন করা হবে। উক্ত দরপত্রের শর্তাবলী সংশ্লিষ্ট কমিটি কর্তৃক নির্ধারিত হবে।

**২.০। লিজ চুক্তির শর্তাবলী:**

২.১। সফল দরদাতা প্রতিষ্ঠানের সাথে ফুডকোর্ট পরিচালনার জন্য প্রাথমিক পর্যায়ে ২ (দুই) বছরের জন্য লিজ চুক্তি সম্পাদিত হবে।

২.২। সন্তোষজনক সেবার ভিত্তিতে প্রয়োজনে চুক্তি একবার নবায়ন করা যাবে। চুক্তি মেয়াদ শেষ হওয়ার ৩ (তিন) মাস পূর্বে নবায়নের আবেদন করতে হবে। নবায়ন চুক্তি মূল চুক্তির মেয়াদের মধ্যেই সম্পন্ন করতে হবে।

২.৩। সফল দরদাতা প্রতিষ্ঠান কার্যসম্পাদন জামানত হিসাবে ৬ (ছয়) মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ নভোথিয়েটারের অনুকূলে অগ্রীম পরিশোধ করবে।

২.৪। কার্যসম্পাদন জামানত পরিশোধের পর নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে লিজ চুক্তি সম্পাদিত হবে।

২.৫। প্রতিমাসের ৭ (সাত) তারিখের মধ্যে উক্ত মাসের ভাড়া অগ্রীম পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ে ভাড়া পরিশোধে ব্যর্থ হলে বিলম্ব ফি প্রযোজ্য হবে।

২.৬। প্রতি দিনের বিলম্ব ফি মাসিক ভাড়া চুক্তির আনুপাতিক হারে প্রযোজ্য হবে।

২.৭। লিজ গ্রহীতাকে বিধি মোতাবেক ভ্যাট, ট্যাক্স, বিদ্যুৎ বিল, টেলিফোন বিল, ইন্টারনেট বিল ইত্যাদি প্রদান করতে হবে।

২.৮। তিন মাসের অগ্রীম নোটিশ প্রদান সাপেক্ষে যে কোন পক্ষ লিজ চুক্তি বাতিল করতে পারবে।

**৩.০। ফুডকোর্ট খাদ্য সামগ্রী:**

৩.১। লিজ গ্রহীতা প্রতিষ্ঠান নভোথিয়েটার দর্শনার্থীদের জন্য হালকা নাস্তা, কোমল পানীয়, তৈরীকৃত বিভিন্ন খাবার পরিবেশন করতে পারবে।

৩.২। কোন ভাবেই নিষিদ্ধ কোন খাবার বা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর কোন খাবার এবং পানীয় পরিবেশন করতে পারবে না। পণ্যের তালিকা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে।

৩.৩। ফুডকোর্ট পরিচালনাকারী কর্তৃক পরিবেশিত খাদ্য সামগ্রীর গুণগতমান নিশ্চিত করতে হবে। খাদ্য সামগ্রীর পর্যাপ্ত সরবরাহ থাকতে হবে। উহা দর্শনার্থী, অতিথি ও ভিআইপিগণের খাওয়ার উপযোগী এবং গুণগত মান সম্পন্ন হতে হবে।

৩.৪। খাদ্য সামগ্রীর আইটেম ভিত্তিক মূল্য তালিকা ফুডকোর্টের মধ্যে দৃশ্যমান বোর্ডে ঝুলিয়ে রাখতে হবে। সকল খাদ্য ও পানীয় এর মূল্য সর্বসাধারণের সামর্থ্যের মধ্যে রাখতে হবে এবং বাজার মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

৩.৫। সর্বদা টাটকা খাবার পরিবেশন করতে হবে। পচা অথবা বাসি খাবার পরিবেশন প্রমাণিত হলে কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতীত চুক্তি বাতিল করতে পারবে।

৩.৬। নভোথিয়েটারের অভ্যন্তরে কোথাও কোন ধরনের খাবার রান্না করা যাবে না।

৩.৭। স্বাচ্ছন্দে খাবার গ্রহণের জন্য বসার সুব্যবস্থা, প্রয়োজনীয় চেয়ার, টেবিলের সরবরাহ এবং সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।

**৪.০। পরিস্কার পরিচ্ছন্নতা:**

৪.১। ফুডকোর্ট সবসময়/সর্বদা পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

৪.২। টেবিল চেয়ার এবং ফুডকোর্ট এরিয়া সর্বক্ষণিক পরিস্কারের জন্য পরিচালনাকারী প্রতিষ্ঠানের নিজস্ব লোকবল এবং সরঞ্জামাদির ব্যবস্থা রাখতে হবে।

৪.৩। ফুডকোর্ট সংলগ্ন ওয়াশ রুম এবং টয়লেটসমূহ সর্বদা পরিস্কার পরিচ্ছন্ন এবং স্বাস্থ্য সম্মত রাখতে হবে। প্রয়োজনীয় টয়লেট সামগ্রী লিজ গ্রহীতাকে সরবরাহ করতে হবে।

**৫.০। নিরাপত্তা ব্যবস্থা:**

৫.১। নভোথিয়েটার কেপিআই ভুক্ত একটি বিশেষ স্থাপনা বিধায় সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

৫.২। ফুডকোর্ট পরিচালনার সাথে সম্পৃক্ত জনবলের প্রত্যেককে নভোথিয়েটার কর্তৃক ইসুকৃত পরিচয় পত্র কর্তব্যরত অবস্থায় বহন করতে হবে।

৫.৩। পরিচালন জনবলকে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নির্দিষ্ট রঙের পোষাক পরিধান করতে হবে। লিজ গ্রহীতার নিজ খরচে নিজস্ব ব্যবস্থায় তাহা চালু করতে হবে।

৫.৪। স্থাপনার সার্বিক নিরাপত্তা সংক্রান্ত সকল বিধিবিধান সকলকে অনুসরণ করতে হবে।

**৬.০। ক্ষতিপূরণ:**

৬.১। ফুডকোর্ট পরিচালনাকালে নভোথিয়েটারের কোন স্থাপনা/যন্ত্রপাতি এবং আনুসাঙ্গিক বিষয়াদির কোন প্রকারের ক্ষয়ক্ষতি হলে লিজ গ্রহীতা প্রতিষ্ঠানকে সে ক্ষতিপূরণ দিতে হবে।

৬.২। ক্ষতিপূরণের পরিমান নভোথিয়েটার কর্তৃপক্ষ নির্ধারণ করবে।

৬.৩। ফুডকোর্টে কোন প্রকারের পচা বা বাসি খাবার বিক্রী করা হলে নভোথিয়েটার কর্তৃপক্ষ দ্রব্য মূল্যের তিনগুণ পরিমান ক্ষতিপূরণ নির্ধারণ করিতে পারিবে এবং তা আদায় যোগ্য হবে।

৬.৪। ফুডকোর্ট পরিসেবা, সেবা প্রদান পদ্ধতি এবং সরবরাহকৃত খাবার বা পানীয়র গুণগত মান বিভিন্ন সংস্থা কর্তৃক নির্ধারিত ষ্টান্ডার্ড অনুযায়ী না হলে তার দায়দায়িত্ব এবং ক্ষতিপূরণ লিজ গ্রহীতাকে বহন করতে হবে।

**৭.০। অন্যান্য:**

৭.১। সাধারণত প্রতি কর্মদিবসে সকাল ৯:০০ টা থেকে নভোথিয়েটারে সর্বশেষ প্রদর্শনী পর্যন্ত ফুডকোর্ট খোলা থাকবে।

৭.২। সরকারি ছুটির দিনে কোন বিশেষ প্রোগ্রাম থাকলে ফুডকোর্ট খোলা রাখতে হবে।

৭.৩। আলোচ্য ফুডকোর্ট "নভো ক্যাফেটেরিয়া" নামে পরিচিত হবে।

৭.৪। ফুডকোর্টে গ্যাস বা অন্য কোন প্রকার চুলা ব্যবহার করা যাবে না এবং রান্না করা যাবে না। তবে প্রয়োজনে ওভেনে খাবার গরম করা যাবে।

**৮.০। অভিযোগ নিষ্পত্তি:**

৮.১। দর্শনার্থীদের ফুডকোর্ট সংক্রান্ত অভিযোগ সমূহ সর্বোচ্চ গুরুত্ব দিয়ে নিষ্পত্তি করতে হবে।

৮.২। লিজ গ্রহীতা কোন অভিযোগ নিষ্পত্তিতে ব্যর্থ হলে উভয় পক্ষের আলোচনার মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি করতে হবে।

৮.৩। দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে কোন অভিযোগ নিষ্পত্তি করা সম্ভব না হলে এবিষয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।